

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পানি ভবন, লেভেল: ২, ব্লক: জি, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫

ফোন: ৮৮-০২-২২২২-৩০০৭০ ফ্যাক্স: ৮৮-০২-৯৫৫৭৩৮৬

ই-মেইল: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com

ওয়েবসাইট: www.ffwc.gov.bd



Office of The Executive Engineer

Flood Forecasting and Warning Centre

Bangladesh Water Development Board

Pani Bhaban (Level: 2, Block: G), 72 Green Road, Dhaka 1205

Phone : 88-02-2222-30070; Fax: 88-02-9557386

E-mail: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com



Website: www.ffwc.gov.bd

বঙ্গোপসাগরে নিম্নচাপ সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন

২৩.১০.২০২২

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ তথ্যানুযায়ী, পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি আরো সামান্য উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে একই এলাকায় অবস্থান করছে। এটি আজ দুপুর ১২ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৭৮০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৭১৫ কি.মি. দক্ষিণদক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৭৩০ কি.মি. দক্ষিণে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৬৯৫ কি.মি. দক্ষিণে অবস্থান করছিল। পরবর্তীতে এটি গতিপথ পরিবর্তন করে উত্তর-উত্তর-পূর্ব দিকে অগ্রসর ও আরো ঘনীভূত হয়ে ২৪ অক্টোবর সকালে ঘূর্ণিঝড় 'সিত্রাং'-এ পরিণত হতে পারে। ঘূর্ণিঝড়টি উত্তর-উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে আগামী ২৫ অক্টোবর ভোরে বাংলাদেশের বরিশাল ও চট্টগ্রাম বিভাগের মধ্যবর্তী এলাকা দিয়ে উপকূল অতিক্রম করতে পারে। উপকূল অতিক্রমের সময় ঘূর্ণিঝড়ের কারণে সৃষ্ট বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৮৫-৯৫ কিমি, যা ঝড়ো হাওয়া রূপে ঘণ্টায় ১০৫ কিমি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।

আগামী ২৪-২৬ অক্টোবর, বাংলাদেশের উপকূলীয় খুলনা, বরিশাল এবং চট্টগ্রাম বিভাগে ভারী থেকে অতি ভারী বর্ষণ সংঘটিত হতে পারে। গভীর নিম্নচাপটির বর্ষিতাংশ, অমাবশ্যা তিথি ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় সকল জেলা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৩-০৫ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে। জলোচ্ছ্বাসের উচ্চতা পরবর্তীতে আরো বৃদ্ধি পেতে পারে।



চিত্রঃ ভারত আবহাওয়া দপ্তর হতে প্রাপ্ত, ঘূর্ণিঝড়ের সম্ভাব্য গতিপথ ও উপগ্রহ চিত্র।

Arifuzzaman

(মোঃ আরিফুজ্জামান ভূঁইয়া)

নির্বাহী প্রকৌশলী

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র

বাপাউবো, ঢাকা